

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৫, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে আষাঢ় ১৪১১/১৩ই জুলাই ২০০৪

এস, আর, ও নং ২২৪-আইন/ ২০০৪/ফিল্ড ফা (রাজ-৪) —যেহেতু সরকার, বিগত ১০ই জুলাই, ১৯৮২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন No. S. R. O. 269-L/82/Misc.-3/81(Poll-IV)/411 দ্বারা নির্ধারিত এবং নিম্ন তফসিলে বিধৃত চট্টগ্রাম জেলার ফৌজদারহাট এবং হালিশহর রেঞ্জ বা উহার অংশবিশেষ এলাকাকে The Manoeuvres, Field Firing and Artillery Practice Act, 1938 (Act No.V of 1938), অতঃপর উক্ত Act বলিয়া উল্লেখিত, এর section 9 এর sub-section (1) এর বিধান মোতাবেক ফিল্ড ফায়ারিং এবং আর্টিলারি প্রাক্টিস পরিচালনার জন্য নির্ধারণ করিয়াছে; এবং

যেহেতু সরকার, উক্ত Act এর section 9 এর sub-section (3) এর বিধান মোতাবেক উক্ত এলাকায় ফিল্ড ফায়ারিং এবং আর্টিলারি প্রাক্টিস পরিচালনার নিমিত্ত বিগত ১৩ এপ্রিল, ২০০৪ খ্রিস্টাব্দ তারিখের এস, আর, ও নং ১০০-আইন/২০০৪ ফিল্ড ফা (রাজ-৪) দ্বারা অভিপ্রায় নোটিস জারী করিয়াছে; এবং

যেহেতু উক্ত Act এর section-9 এর sub-section (3) এর বিধান মোতাবেক অভিপ্রায় নোটিস প্রথম প্রকাশের তারিখ হইতে ৬(ছয়) সপ্তাহ সময়সীমা অতিক্রান্ত হইয়াছে;

সেহেতু সরকার, উক্ত Act এর section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্ন তফসিলে বিধৃত চট্টগ্রাম জেলার ফৌজদারহাট এবং হালিশহর রেঞ্জ বা উহার অংশবিশেষ এলাকায় ২৫ শে মে, ২০০৪ খ্রিস্টাব্দ হইতে ২৪ শে মে, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত ফিল্ড ফায়ারিং এবং আর্টিলারি প্রাক্টিস পরিচালনার জন্য ক্ষমতা প্রদান করিল, যথাঃ—

তফসিল

(ক) কামান এলাকা সীমানা—সমুদ্র উপকূলের যে কোন জায়গা কামান রাখার জন্য নির্বাচিত হইতে পারে যদি :

(১) ইহা উচ্চ জোয়ারের পানি সমতল হইতে পূর্বদিকে ১৫০০ গজের মধ্যে হয়।

(৪৩৩১)

মূল্য : টাকা ২.০০

## (২) উত্তর সীমানা : ফৌজদারহাট

- (ক) দ্রাঘিমাংশ : ৯১ ডিগ্রী ৪৫ মিনিট ২০ সেকেন্ড পূর্ব ।
- (খ) অক্ষাংশ : ২২ ডিগ্রী ২৩ মিনিট ৩০ সেকেন্ড উত্তর ।
- (গ) ভূ-সূত্র : ইউ এইচ (বি এইচ) ৪৫২৩ ।
- (ঘ) গ্রিড সূত্র : এস কিউ ৯৭১৫, মানচিত্র সীট নং ৭৯/উত্তর স্কেল ১ : ২,৫০,০০০ ।
- (ঙ) থানা : সীতাকুন্ড ।
- (চ) মহকুমা : সদর ।
- (ছ) জেলা : চট্টগ্রাম ।

## (৩) দক্ষিণ সীমানা : হালিশহর

- (ক) দ্রাঘিমাংশ : ৯১ ডিগ্রী ৪৫ মিনিট ৪৫ সেকেন্ড পূর্ব ।
- (খ) অক্ষাংশ : ২২ ডিগ্রী ২০ মিনিট ৪৫ সেকেন্ড উত্তর ।
- (গ) ভূ-সূত্র : ইউ এইচ (বি এইচ) ৫০৩৩ ।
- (ঘ) গ্রিড সূত্র : এস কিউ ৯৮৫৮, মানচিত্র সীট নং ৭৯/উত্তর স্কেল ১ : ২,৫০,০০০ ।
- (ঙ) থানা : পাহাড়তলী (চট্টগ্রাম মহানগরী পুলিশ) ।
- (চ) মহকুমা : সদর ।
- (ছ) জেলা : চট্টগ্রাম ।

## (খ) ফায়ারিং এবং বিপদ এলাকার সীমানা (অর্থাৎ টার্গেট এলাকা) :

- (১) উত্তর সীমানা : ফৌজদারহাট হইতে ৩৩০ ডিগ্রী (অবস্থান উপরে প্রদত্ত) ।
- (২) দক্ষিণ সীমানা : হালিশহর হইতে ২৮০ ডিগ্রী (অবস্থান উপরে বর্ণিত) ।
- (৩) ব্যাস/দূরত্ব/ফায়ারিং কেন্দ্র হইতে ফায়ারিং এলাকার ব্যাপ্তি : ১২,০০০ গজ অথবা ৬.৮ মাইল সমুদ্র ও সমুদ্রের আকাশ বরাবর উত্তর এবং দক্ষিণের সীমানা সাপেক্ষে ।
- (৪) বিপদ এলাকার উচ্চতা : ২২,০০০ ফুট ।

(গ) এলাকার সীমানা—এলাকাটি নিম্নোক্ত ভৌগোলিক কেন্দ্র বিন্দুতে ক্রমানুসারে মিলিত একটি রেখার দ্বারা বেষ্টিত :

## দ্রাঘিমাংশ (পূর্ব)

## অক্ষাংশ (উত্তর)

(১)	বিন্দু ১°৯১ ডিগ্রী ৪৫ মিনিট ৪৩ সেকেন্ড	২২ ডিগ্রী ২৩ মিনিট ৩০ সেকেন্ড
(২)	বিন্দু ২°৯১ ডিগ্রী ৪৫ মিনিট ৪৩ সেকেন্ড	২২ ডিগ্রী ২০ মিনিট ৪৫ সেকেন্ড
(৩)	বিন্দু ৩°৯১ ডিগ্রী ৩৭ মিনিট ৪১ সেকেন্ড	২২ ডিগ্রী ২২ মিনিট ১০ সেকেন্ড
(৪)	বিন্দু ৪°৯১ ডিগ্রী ৪০ মিনিট ৩০ সেকেন্ড	২২ ডিগ্রী ৩১ মিনিট ০০ সেকেন্ড

(ঘ) এলাকাটিতে মৌজা অন্তর্ভুক্তি :

	জে এল নং	সীট নং	সীট নং
(১) উত্তর সিলিমপুর	৬২	১ হইতে ৪	(সমুদ্র তলা) ১, ৩ ও ৪
(২) দক্ষিণ সিলিমপুর (আংশিক)	৬৩	১ ও ২	২
(৩) লতিফপুর	৬৪	১ ও ২	(আংশিক)
(৪) উত্তর কাটটুলি	১	১ হইতে ৪	৩
(৫) দক্ষিণ কাটটুলি	২	১ ও ২	
(৬) উত্তর হালিশহর	৯	১ ও ৩	
(৭) দক্ষিণ হালিশহর	১৯	১ হইতে ৬	

২। ইহা ১১ জ্যৈষ্ঠ, ১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ২৫ মে, ২০০৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুল হক  
উপ-সচিব।